**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 02-04-2026** **Desk in Charge : KL**

**Time : - 1-30PM** **Editing & Compiling : Shankar M.**

**DEO : - KB** **NRT : Chandrachur S.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, 'নাগরিক দেব ভব'- এই মুল ভাবনা নিয়ে দেশের প্রশাসন এখন পরিচালিত হচ্ছে। **#**'কর্মযোগী সাধনা সপ্তাহ' উপলক্ষ্যে এক ভিডিও বার্তায় তিনি বলেছেন, জনসেবাকে সংবেদনশীল ও নাগরিক কেন্দ্রিক করাই, প্রশাসনের মূল লক্ষ্য।

২/ মালদার কালিয়াচকে, বিচারবিভাগীয় আধিকারিকদের আটকে রাখার ঘটনায় ক্ষুব্ধ সুপ্রিম কোর্ট, NIA বা CBI-কে দিয়ে এই ঘটনার তদন্তের জন্য নির্বাচন কমিশনকে বলেছে।

৩/ পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফায়, ২৯শে এপ্রিল ১৪২টি আসনে ভোটগ্রহণের জন্য বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গেই মনোনয়ন পত্র জমা দেবার কাজ শুরু হয়ে গেছে। **#** নির্বাচনী প্রচার'ও জমজমাট।

৪/ মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প, শীঘ্রই ইরানে মার্কিন অভিযান সমাপ্ত হবার ইঙ্গিত দিয়েছেন।

৫/ কলকাতার ইডেন গার্ডেন্সে IPL ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হচ্ছে। **#** খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়।

***********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারতে এখন শুধু দক্ষ নয় নাগরিক কেন্দ্রিক প্রশাসনিক ব্যবস্থার একান্ত প্রয়োজন । কর্মযোগী সাধনা সপ্তাহ 2026 উপলক্ষ্যে ভিডিও বার্তায় তিনি বলেন, দেশে এখন শাসন ব্যবস্থা নাগরিক দেব ভব , এই মূল ভাবনা নিয়ে পরিচালিত হচ্ছে। এর স্পষ্ট উদ্দেশ্য হলো, জনসেবা যাতে সংবেদনশীল এবং নাগরিক কেন্দ্রিক হয়।

শ্রী মোদি আরও বলেন, সক্ষমতা নির্মাণ কমিশন এবং মিশন কর্মযোগীর মূল লক্ষ্য হলো প্রত্যেক ভারতীয়ের আশা আকাঙ্ক্ষার সঙ্গে সংগতি রেখে শাসন ব্যবস্থা কে আধুনিক এবং শ্রম শক্তিকে সংবেদনশীল করা।

বিকশিত ভারত শুধুমাত্র পরিকাঠামো ও প্রযুক্তির ওপর ভিত্তি করেই হবেনা, দক্ষ এবং অঙ্গীকারবদ্ধ মানব সম্পদ এর ওপর ভিত্তি করে গড়ে তুলতে হবে। জীবন যাপন আরও সহজ করা, প্রশাসনের মূল লক্ষ্য হওয়া উচিত বলে শ্রী মোদি উল্লেখ্য করেন।

( বাইট- PM )

*************************

মালদার কালিয়াচকে, গতকাল তিন মহিলা বিচারক সহ সাত জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটকে দীর্ঘক্ষণ ঘেরাও করে রাখার ঘটনায় ক্ষুব্ধ সুপ্রিম কোর্ট, নির্বাচন কমিশনকে NIA বা CBI-কে দিয়ে তদন্তের নির্দেশ দিতে বলেছে। শীর্ষ আদালতের নির্দেশে ওই বিচারকরা SIR-এ অ্যাডজুডিকেশন তালিকার বিচার করছিলেন। অবিলম্বে নির্বাচন কমিশন, স্বরাষ্ট্র সচিব, ডিজিপি এবং জেলা ম্যাজিস্ট্রেটকে ঘটনার বিস্তারিত রিপোর্ট দিতেও বলেছে শীর্ষ আদালত। মালদার ঘটনা সম্পর্কে, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি আজ সকালে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্য কান্তকে বিস্তারিত জানান। ওই ঘটনা সুপরিকল্পিত বলেও উল্লেখ করেছেন প্রধান বিচারপতি সূর্য কান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি বিপুল এম পাঞ্চোলি। জুডিশিয়াল অফিসারদের নিরাপত্তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের'ও নির্দেশ দেওয়া হয়েছে।

মামলার পরবর্তী শুনানি অর্থাৎ ৬'ই এপ্রিল বিকেল চারটেয়, মুখ্যসচিব, ডিজিপি, জেলা ম্যাজিস্ট্রেট এবং পুলিশ সুপারকে ভার্চুয়ালি উপস্থিত থাকার'ও নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, কালিয়াচক ২-নম্বর ব্লকে বিডিও অফিসে সাত বিচারবিভাগীয় আধিকারিককে দুপুর থেকে মধ্যরাত পর্যন্ত ঘেরাও করে রাখেন বিক্ষোভকারীরা। অফিসের দুটি গেট আটকে দেয় তারা। শেষ পর্যন্ত পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী তাদের উদ্ধার করে জেলা সদরে নিয়ে যায়।

**************************

এদিকে, রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত, মালদার ঘটনায় নির্বাচন কমিশনের ভূমিকার কড়া সমালোচনা করেছেন। শীর্ষ আদালতে তিনি বলেন, কমিশনের, বিরোধী পক্ষের ভূমিকা পালন করছে। যা উচিত নয়।

আইনজীবি কপিল সিব্বল বলেন, রাজ্যের আইনশৃঙ্খলা ব্যবস্থা সম্পূর্ণ ভেঙ্গে পড়ার ইঙ্গিত রয়েছে মালদার এই ঘটনায়।

এর প্রেক্ষিতে প্রধান বিচারপতি বলেন, প্রত্যেকেই এই বিষয়টি নিয়ে রাজনীতি করছে। এই অশান্তির পেছনে ইন্ধন কারা যোগাচ্ছে, তা'ও সুপ্রিম কোর্টের গোচরে রয়েছে বলে তিনি স্পষ্ট করে দিয়েছেন।

****************************

অন্যদিকে, মালদা জেলা জুড়ে আজ'ও একাধিক জায়গায় রাস্তা অবরোধ করে বিক্ষোভ সমাবেশ চলেছে। কোথাও টায়ারে আগুন দিয়ে, কোথাও রাস্তায় বাঁশ ফেলে, চলছে অবরোধ কর্মসূচী।

ইংলিশ বাজার বিধানসভা কেন্দ্রের যদুপুর এক নম্বর গ্রাম পঞ্চায়েতের যদুপুর হাইস্কুল মোড়ে জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখাচ্ছেন গ্রামবাসীরা। তাঁদের অভিযোগ, বৈধ ভোটারদের নাম ডিলিট করে দেওয়া হয়েছে।

মানিকচক বিধানসভা কেন্দ্রের স্ট্যান্ড এলাকায় কয়েকশো মহিলা-পুরুষ, অবরোধে সামিল হয়েছেন। নারায়নপুর এলাকাতেও চলছে অবরোধ কর্মসূচী।

****************************

আগেই জানানো হয়েছে, ভোটার তালিকা থেকে নাম বাদ পড়ার অভিযোগে মালদা জেলাজুড়ে পথ অবরোধ, বিক্ষোভকে কেন্দ্র করে গতকাল পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

কালিয়াচক ২ নম্বর ব্লকে বিডিও অফিসে ৭ বিচারবিভাগীয় আধিকারিককে দুপুর থেকে মধ্যরাত পর্যন্ত ঘেরাও করে রাখেন বিক্ষোভকারীরা। অফিসের দুটি গেট আটকে দেয় তারা। শেষ পর্যন্ত পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী তাদের উদ্ধার করে জেলা সদরে নিয়ে যায়।

এই ঘটনায় নির্বাচন কমিশন রাজ্য পুলিশের ডিজির কাছে রিপোর্ট চেয়েছে বলে সূত্রের খবর।

এদিকে, সুজাপুরে দিনভর পথ অবরোধ করেন বিক্ষুব্ধ জনতা। ১৫ ঘণ্টারও বেশি অবরুদ্ধ থাকে ১২ নম্বর জাতীয় সড়ক। রাত ১২-টার পর প্রশাসনের হস্তক্ষেপে অবরোধ ওঠে।

****************************

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফায় আগামী ২৯-শে এপ্রিল ১৪২টি আসনে ভোটগ্রহণের জন্য আজ বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গে মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ শুরু হয়ে গেছে। মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৯-ই এপ্রিল। পরদিন ১০-ই এপ্রিল জমাপড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৩ ই এপ্রিল। এদফায় নদীয়ার- ১৭, পূর্ব-বর্ধমানের- ১৬, হুগলীর- ১৮, হাওড়ার- ১৬, কলকাতার- ১১, উত্তর ২৪ পরগনার -৩৩ এবং দক্ষিণ ২৪ পরগনার- ৩১, মোট ১৪২-টি আসনে ভোট নেওয়া হবে।

এদিকে প্রথম দফায় ২৩-শে এপ্রিল ১৫২-টি আসনে ২৩-শে এপ্রিলের ভোটগ্রহণের জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ চলছে।  এই দফায় মনোনয়নপত্র জমা দেওয়া যাবে ৬-ই এপ্রিল পর্যন্ত। রাজ্যে ভোট গণনা চৌঠা মে।

****************************

ভারতে অনুপ্রবেশকারীদের শুধু ভোটার তালিকাথেকেই নয়, বেছে বেছে দেশ থেকেও বের করে দেওয়া হবে বলে অন্যতম শীর্ষ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ফের মন্তব্য করেছেন। আজ কলকাতার ভবানীপুরে এক সমাবেশে যোগ দিয়ে শ্রী শাহ বলেন, রাজ্যে তৃণমূল কংগ্রেস অনুপ্রবেশকারীদের মদত দিচ্ছে। তাদের রাজ্যের ক্ষমতা থেকে হঠানোর আহ্বান জানিয়েছেন তিনি।

অমিত শাহ বলেন, ভবানীপুরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিপুল ভোটে পরাজিত হবেন। সুস্থ, দুষ্কৃতীমুক্ত সমাজ গড়ে তুলতে তৃণমূল কংগ্রেসকে রাজ্যের সর্বত্র পরাজিত করা জরুরী বলে'ও উল্লেখ করেন তিনি।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী আজ ভবানীপুরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর মনোনয়ন পত্র দাখিলের সময় উপস্থিত ছিলেন। সঙ্গে ছিলেন বিজেপির রাজ্য সভাপতি, সাংসদ শমীক ভট্টাচার্য ও বিজেপির শীর্ষ নেতৃত্ব। বিরোধী দলনেতা নন্দীগ্রামের পর আজ ভবানীপুর আসনেও তাঁর মনোনয়ন দাখিল করেন।

দক্ষিণ কলকাতার বেশ কয়েকটি আসনের বিজেপি প্রার্থীরাও আজ আলিপুরের সার্ভে বিল্ডিং-এ মনোনয়ন পত্র জমা দেন।

**************************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন, রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারির চেষ্টা করা হচ্ছে। মালদার ঘটনা সুপরিকল্পিত বলেও এদিন মুর্শিদাবাদের সাগরদীঘিতে দলের নির্বাচনী প্রচারে যোগ দিয়ে তিনি একথা বলেন।

বাঁকুড়ার তালডাংড়ায় তৃণমূল কংগ্রেস প্রার্থীর সমর্থনে আজ জনসভা করবেন, দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

***************************

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন ইরানে, আমেরিকান বাহিনীর মূল লক্ষ্য প্রায় সম্পূর্ণ হওয়ার পথে এবং শীঘ্রই সেখানে মার্কিন বাহিনীর কাজ শেষ হয়ে যাবে।

হোয়াইট হাউস থেকে টেলিভিশনে জাতির উদ্দেশে প্রচারিত এক বার্তায় ট্রাম্প অপারেশন এপিক ফিউরির সাফল্যের ভূয়সী প্রশংসা করে বলেন, আগের চেয়ে মার্কিন যুক্তরাষ্ট্র আরও বড় আকারে জয়ী হতে চলেছে। ২০ মিনিটের ভাষণে রাষ্ট্রপতি ট্রাম্প বলেন, প্রতিটি মার্কিন নাগরিক অবশেষে ইরানী আগ্রাসন এবং পরমাণু ব্ল্যাকমেলের হাত থেকে মুক্তি পাবেন। রাষ্ট্রপতি আশ্বাস দেন, যুদ্ধ শেষ হলে মার্কিন যুক্তরাষ্ট্র আরও নিরাপদ শক্তিশালী এবং আগের চেয়ে বেশি সমৃদ্ধ হবে। হরমুজ প্রমালী দিয়ে জাহাজ

চলাচলের জন্য সহযোগী দেশগুলিকে একত্রে এগিয়ে আসার আহ্বান জানিয়ে ট্রাম্প বলেন, মার্কিন যুক্তরাষ্ট্রের জন্য কিন্তু এটার প্রয়োজন নেই।

***************************

পশ্চিম এশিয়ার চলতি সংকট এবং বিশ্বজুড়ে জ্বালানি সরবরাহের সমস্যার কারণে কেন্দ্রীয় সরকার গুরুত্ব পূর্ণ পেট্রো রসায়ন পণ্যের ওপর সীমা শুল্ক আগামী ৩০ জুন, ২০২৬ পর্যন্ত সম্পূর্ণ ছাড় দেবার সিদ্ধান্ত নিয়েছে । দেশের অভ্যন্তরীণ শিল্পের জন্য প্রয়োজনীয় কাঁচামালের যোগান ঠিক রাখা এবং উৎপাদন খরচ কম রাখার লক্ষ্যে এই সাময়িক ও প্রয়োজন ভিত্তিক পদক্ষেপ ।

অর্থ মন্ত্রক জানিয়েছে, এই শুল্কমুক্তি প্লাস্টিক, প্যাকেজিং, টেক্সটাইল, ওষুধ, রাসায়নিক, অটোমোবাইল যন্ত্রাংশসহ বিভিন্ন উৎপাদন ক্ষেত্রকে সাহায্য করবে এবং উপভোক্তারাও চূড়ান্ত পণ্যে স্বস্তি পাবেন ।

অর্থ মন্ত্রকের বিবৃতিতে বলা হয়েছে, মোট ৪০টি পণ্যে শুল্কমুক্তির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে মিথানল, অ্যানহাইড্রাস অ্যামোনিয়া, টলুইন, স্টাইরিন, ডাইক্লোরোমিথেন এবং ভিনাইল ক্লোরাইড মনোমারসহ অন্যান্য গুরুত্বপূর্ণ পেট্রোকেমিক্যাল।

***************************

কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী মনোহরলাল আজ লোকসভায় জানিয়েছেন, প্রি পেড ইলেকট্রিক স্মার্ট মিটার সব গ্রাহকের জন্য বাধ্যতামূলক নয় । প্রশ্নোত্তর পর্বে, এক অতিরিক্ত ওপর প্রশ্নের উত্তরে মন্ত্রী বলেন, গ্রাহকরা যদি প্রি পেড ইলেকট্রিক স্মার্ট মিটার বেছে নেন তাহলে এটি শুধু তাদের জন্যই সুবিধেজনক হবে তাই নয়, সংশ্লিষ্ট অন্যদের পক্ষেও তা সুবিধেজনক । সেকারণেই বহু রাজ্য প্রি পেড ইলেকট্রিক স্মার্ট মিটার চালু করেছে। মন্ত্রী স্পষ্ট ভাষায় এও জানান, জোর করে প্রি পেড ইলেকট্রিক স্মার্ট মিটার বলবৎ করা হচ্ছে না। এটি ঐচ্ছিক ব্যবস্থা ।

***************************

অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী কে রামমোহন নাইডু আজ লোকসভায় জানান, বিমান চলাচলের ক্ষেত্রে নিরাপত্তা ও সুরক্ষার সঙ্গে কোন রকম আপোষ করা হবে না ।

প্রশ্নোত্তর পর্বে এক অতিরিক্ত প্রশ্নের উত্তরে শ্রী নাইডু বলেন, প্রত্যেক দেশই বিমান চলাচলের ক্ষেত্রে আন্তর্জাতিক সুরক্ষা ও নিরাপত্তা মান মেনে চলতে বাধ্য । ভারতও এই নীতি নির্দেশিকা পুরোপুরি মানতে অঙ্গীকার বদ্ধ।

***************************

আইপিএল ক্রিকেটে আজ ইডেন গার্ডেন্সে কলকাতা নাইট রাইডার্স সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়। এর আগের ম্যাচে KKR, মুম্বইয়ের বিরুদ্ধে ২২০ রান করার পরও ছয় উইকেটে পরাজিত হয়। অন্যদিকে হায়দ্রাবাদও এখনো পর্যন্ত জয়ের মুখ দেখেনি।

ইডেনে ব্যাটিং উপযোগী পিচে বড় রানের দিকে তাকিয়ে রয়েছেন ক্রিকেটপ্রেমিরা।

******************************************************************